গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৫.১৫৮

**বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
সক্রিয়া মৌসুমী বায়ুর কারণে উত্তর বঙ্গোপসাগর এলাকায় বজ্রমেঘ তৈরী হচ্ছে এবং বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ভারী থেকে অতি ভারী বৃষ্টিসহ দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ১৮ জুন ২০২৫ তারিখ সকাল ১০:০০ টা হইতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:**
দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু সক্রিয়তার কারণে ১৮-০৬-২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টায় চট্টগ্রাম, বরিশাল, খুলনা, রংপুর, ময়মনসিংহ, সিলেট, ঢাকা ও রাজশাহী বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি./২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮ মি.মি./২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে।

অতি ভারী বর্ষণের কারণে চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগছাড়ি, বান্দরবান ও কক্সবাজার জেলাসমূহের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে। সেইসঙ্গে ভারী বর্ষণজনিত কারণে ঢাকা, চট্টগ্রাম ও খুলনা মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতা তৈরি হতে পারে।

**৪। আজ (১৮.০৬.২০২৫ তারিখ) সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** বাংলাদেশের দক্ষিণপশ্চিমাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘণীভূত হয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণপশ্চিমাঞ্চলে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে। এটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ুর অক্ষ বিহার, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল ও বাংলাদেশের দক্ষিণাংশ হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাস:**

**প্রথম দিন (১৮.০৬.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশজায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১৯.০৬.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (২০.০৬.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (২১.০৬.২০২৫ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পঞ্চম দিন (২২.০৬.২০২৫) তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.২ টাঙ্গাইল, ফরিদপুর ও নরসিংদী | ৩২.৫ বগুড়া | ৩৪.০ রংপুর ও ডিমলা | ৩১.৬ নেত্রকোনা | **৩৫.৮ সিলেট** | ৩১.২ চাঁদপুর | ৩০.৭ সাতক্ষীরা | ৩১.৭ ভোলা |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.৮ টাংগাইল | ২৫.৫ রাজশাহী | ২৫.৫ সৈয়দপুর ও রাজারহাট | ২৬.২ নেত্রকোনা | ২৬.৫ সিলেট ও শ্রীমঙ্গল | **২৩.৩ বান্দরবান** | ২৪.৫ খুলনা | ২৫.৪ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৫.৮$^{\circ}$ সে.এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বান্দরবান ২৩.৩ সে। (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**৫। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**
**(৪রা আষাঢ় , ১৪৩২ বঙ্গাব্দ/১৮ জুন, ২০২৫ খ্রি.)**

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

-

- সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- **চট্টগ্রাম বিভাগের মুহরি, হালদা, গোমতী, ফেনী, সাঙ্গু ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। গোমতী, মুহুরী, ফেনী, সাঙ্গু ও মাতামুহুরী নদীসমূহের** অববাহিকায় **আগামী ০২ দিন পর্যন্ত ভারি থেকে অতি-ভারি এবং ৩য় দিন মাঝারি-ভারি থেকে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন পর্যন্ত বৃদ্ধি পেতে পারে; আগামী ০২ দিন ফেনী জেলার মুহরি নদী সতর্কসীমায় প্রবাহিত হতে পারে।**
- **সিলেট বিভাগের কংস নদীর পানিসমতল বৃদ্ধি পাচ্ছে,** যাদুকাটা নদীর পানি সমতল স্থিতিশীল আছে এবং সারিগোয়াইন ও সোমেশ্বরী নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে; তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। এই অববাহিকায় **আগামী ০২ দিন পর্যন্ত মাঝারি থেকে** ভারি এবং **৩য় দিন মাঝারি-ভারি থেকে অতি-ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উক্ত নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। আগামী ৭২ ঘন্টায় সিলেট জেলার সারিগোয়াইন নদী, সুনামগঞ্জ জেলার যাদুকাটা নদী ও নেত্রকোণা জেলার সোমেশ্বরী নদী সতর্কসীমায় প্রবাহিত হতে পারে।**

- **সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে; নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে;** তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে। এই অববাহিকায় **আগামী ০২ দিন পর্যন্ত মাঝারি থেকে** ভারি এবং **৩য় দিন মাঝারি-ভারি থেকে অতি-ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।**
- তিস্তা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে, যা আগামী ০২ দিন পর্যন্ত স্থিতিশীল থাকতে পারে, **৩য় দিন বৃদ্ধি পেতে পারে**, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। নদ-নদীর পানি সমতল হ্রাস আগামী ০২ দিন পর্যন্ত স্থিতিশীল থাকতে পারে ও **তৎপরবর্তী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে**; তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে। নদীসমূহের পানি সমতল আগামী ০৫ দিন পর্যন্ত স্থিতিশীল থাকতে পারে; এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

## পানি সমতল ও বারিপাত তথ্য

**(৪রা আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/১৮ জুন, ২০২৫ খ্রি.সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই**

| মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| লামা (বান্দরবন) | ১৩৫.০ | টেকনাফ (কক্সবাজার) | ১০৮.০ |
| বরগুনা | ১০৫.০ | খুলনা | ৯০.০ |
| কক্সবাজার | ৮১.০ | হরিদাসপুর (গোপালগঞ্জ) | ৭১.০ |
| চট্টগ্রাম | ৬৭.০ | দূর্গাপুর (নেত্রকোনা) | ৬২.০ |
| কুমিল্লা | ৬০.০ | রাজশাহী | ৬০.০ |
| নোয়াখালী | ৫৬.০ | সাতক্ষীরা | ৫৫.০ |
| পটুয়াখালী | ৫০.০ | চাঁপাই নওয়াবগঞ্জ | ৪৪.০ |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মাউসিনরাম (মেঘালয়) | ৮৩.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ৬৫.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৪২ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৭৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৩ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০০ |
| **(পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)** | | | |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০ | | |
| **নদীসমূহ সংলগ্ন জেলা** | - | | |

**৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্য:**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়,১৬ জুন ২০২৫ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭ জুন ২০২৫ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৬ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৪ | ০ | ০ |
| ৭। | খুলনা | ০ | ০ | ০ |
| ৮। | রংপুর | ৪ | ০ | ০ |
| | **মোট** | **১৭** | **০** | **০** |

১৮-০৬-২০২৫
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৫.১৫৮/১ (১৫)

তারিখ: ৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫। সচিব, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার(সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রসাশক (সকল)।।
১৩। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১৫। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

১৮-০৬-২০২৫
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা